রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৩, ২০২৩

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ কার্তিক, ১৪৩০ মোতাবেক ২৩ অক্টোবর, ২০২৩

নিম্নলিখিত বিলটি ০৭ কার্তিক, ১৪৩০ মোতাবেক ২৩ অক্টোবর, ২০২৩ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ৫১/২০২৩

## Districts (Extension to the Chittagong Hill-tracts) Ordinance, 1984 রহিতক্রমে নূতনভাবে প্রণয়নকল্পে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের চতুর্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হইয়াছে এবং সিভিল আপিল নং-৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পাইয়াছে; এবং

যেহেতু ২০১৩ সনের ৭নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ প্রয়োজনীয় পরিমার্জনক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং


মূল্য : টাকা ৪.০০

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Districts (Extension to the Chittagong Hill-tracts) Ordinance, 1984 (Ordinance No. LXXI of 1985) রহিতক্রমে নূতনভাবে প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন জেলা (পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহে বলবৎকরণ) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে, **"পার্বত্য চট্টগ্রাম জেলা"** অর্থ রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পার্বত্য জেলা।

৩। **Act No. XXI of 1836 এর প্রয়োগ।**—পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহে District Act, 1836 (Act No. XXI of 1836) প্রযোজ্য হইবে।

৪। **বৈধতা।**—Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর অধীন সৃজিত বান্দরবান ও খাগড়াছড়ি জেলা District Act, 1836 (Act No. XXI of 1836) এর অধীন সৃজিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Districts (Extension to the Chittagong Hill-tracts) Ordinance, 1984 (Ordinance No. LXXI of 1985), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন কৃত কোনো কাজ বা গৃহীত কোনো কার্যক্রম এই আইনের অধীন কৃত বা গৃহীত বলিয়া গণ্য হইবে।

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

District Act, 1836 এর অধীনে নতুন জেলা সৃজন করা হয়ে থাকে। বান্দরবান পার্বত্য জেলা ও খাগড়াছড়ি পার্বত্য জেলা Code of Criminal Procedure, 1898 এর section 8 এর ক্ষমতাবলে প্রতিষ্ঠা করা হয়। উক্ত অসামঞ্জস্য দূরীকরণের জন্য Districts (Extension to the Chittagong Hill-Tracts) Ordinance, 1984 জারি করে উল্লিখিত দুটি জেলাকে District Act, 1836 এর অধীন সৃষ্ট জেলা হিসেবে ঘোষণা করা হয়।

যেহেতু, সামরিক শাসনামলে জারীকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নতুন আইন প্রণয়নের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, সামরিক শাসনামলে প্রণীত Districts (Extension to the Chittagong Hill-Tracts) Ordinance, 1984 রহিত করে উক্ত আইনের বিষয় অন্তর্ভুক্ত করে প্রস্তুতকৃত 'জেলা (চট্টগ্রাম পার্বত্য জেলাসমূহে বলবৎকরণ) আইন, ২০২৩' শীর্ষক বিল মহান জাতীয় সংসদে সানুগ্রহ বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

**আ, ক, ম, মোজাম্মেল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd